आचार्य
श्री नरेंद्र मोदी

ACHARYA (CHANCELLOR)
SHRI NARENDRA MODI

उपाचार्य
प्रो. विद्युत चक्रवर्ती

UPACHARYA (VICE-CHANCELLOR)
PROF. BIDYUT CHAKRABARTY

# विश्वभारती
# VISVA-BHARATI

(Established by the Parliament of India under
Visva-Bharati Act XXIX of 1951
Vide Notification No. : 40-5/50 G.3 Dt. 14 May, 1951)

संस्थापक
रवीन्द्रनाथ ठाकुर

FOUNDED BY
RABINDRANATH TAGORE

शांतिनिकेतन - 731235
SANTINIKETAN - 731235
जि. बीरभूम, पश्चिम बंगाल, भारत
DIST. BIRBHUM, WEST BENGAL, INDIA
फोन Tel: +91-3463-262 451/261 531
फैक्स Fax: +91-3463-262 672
ई-मेल E-mail: vice-chancellor@visva-bharati.ac.in
Website: www.visva-bharati.ac.in

सं./No.________

১০ই এপ্রিল, 2020
दिनांक/Date.________

## বিশ্বভারতী পরিবারের সঙ্গে সংশ্লিষ্ট সকলের উদ্দেশে

আমরা এই মুহূর্তে এমন একটা বৈশ্বিক সংকটের মধ্য দিয়ে যাচ্ছি যে সংকটে ব্যক্তিগত, পারিবারিক; এবং বিশেষত সামষ্টিক ক্ষেত্রে কিছু সময়ের দাবি থেকে যায়। এই বিবৃতিপত্র মারফত বিশ্বভারতী পরিবারের সব সদস্যকে এই অনিশ্চিত সময়ে তাঁদের ধারাবাহিক সমর্থন জুগিয়ে যাওয়ার জন্য আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাই। বিশেষ করে আমাদের ডাক্তার, চিকিৎসা-সহযোগী এবং পরিচ্ছন্নতা ও নিরাপত্তার কাজের সঙ্গে যুক্ত কর্মিবন্ধুদের নিরন্তর শ্রমদানের জন্য আমি কৃতজ্ঞতা জ্ঞাপন করি। আমাদের শিক্ষক এবং প্রশাসনিক সহকর্মী; এবং সেইসঙ্গে ছাত্র-ছাত্রীরাও অনলাইন ব্যবস্থার মাধ্যমে দৈনন্দিন কাজকর্মে নিজেদের অভ্যস্ত করে নিয়েছেন। কোভিড-১৯ পরিস্থিতির মোকাবিলায় সমষ্টিগতভাবে বিশ্বভারতীর কার্যকর ভূমিকা কোনও অংশে কম নয়। পূর্বোল্লিখিত সকলের প্রযত্নে ও সহযোগিতায় খুব দ্রুততার সঙ্গে এই অতিমারি পরিস্থিতি মোকাবিলা করার চেষ্টা করে চলেছি আমরা। যেহেতু আমাদের এখন দেশব্যাপী লকডাউনের মধ্য দিয়ে যেতে হচ্ছে, সেইজন্য আমি বিশ্বভারতী পরিবারের সবাইকে নিরাপদে থাকার ও 'সামাজিক দূরত্ব' মেনে চলার আর্জি জানাই; এবং সেইসঙ্গে আমাদের পরিগৃহীত গ্রামগুলিসহ পরিবারের দুর্বল ও কম সুরক্ষিত মানুষদের পাশে দাঁড়ানোর অনুরোধ করি। আমি বিশেষভাবে অনুরোধ করি, এইসময়ে মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের মঙ্গলের স্বার্থে যাবতীয় বিভ্রান্তিমূলক, ভীতিসঞ্চারক ও জনশ্রুতি-নির্ভর অপপ্রচার এড়িয়ে চলুন সবাই।

আমরা সকলে ঐক্যবদ্ধ, সম্মিলিত; এবং আমরা অবশ্যই এই পরিস্থিতি অচিরে কাটিয়ে উঠব।

বিদ্যুৎ চক্রবর্তী

বিদ্যুৎ চক্রবর্তী ১০/৪/2020